

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
Website : [www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

৪৬.০২০.০০৪.০১.০০.৬৬৯.২০১৫- ১২৭


তারিখ : ৪/১/১৬

বিষয় : রীট পিটিশন নং-১৩৩১০/২০১৫, বাদী জনাব মোছাঃ পেয়ারা বেগম, স্বামী-মোঃ সামসুজ্জামান, গ্রাম-  
হিন্দুকান্দি, থানা-সারিয়াকান্দি, জেলা-বগুড়া-বনাম-সরকার ও অন্যান্য।

স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন-২০১৫ এর বগুড়া জেলার সারিয়াকান্দি পৌরসভায় সংরক্ষিত আসনে কাউন্সিলর পদে দাখিলকৃত মনোনয়নপত্র বাতিল সংক্রান্ত বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৩৩১০/২০১৫ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে মামলাটি প্রতিদ্বন্দিতা করতঃ সময় সময় অত্র বিভাগকে অবহিত করতে হবে। ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।



(মোঃ ইশান আলী রাজা বাঙালী)  
উপসচিব

ফোন-৯৫৪০৯৯৫।

Email-[ishanaliraja@gmail.com](mailto:ishanaliraja@gmail.com)

১। জেলা প্রশাসক, বগুড়া

এবং

আপীল কর্তৃপক্ষ, সারিয়াকান্দি পৌরসভা নির্বাচন-২০১৫, বগুড়া।

২। জেলা নির্বাচন অফিসার

বগুড়া।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। সচিব, নির্বাচন কমিশন কার্যালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।